



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)
বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ওয়েব সাইট- www.nhrc.org.bd, ই-মেইলঃ nhrc.bd@gmail.com

স্মারক নং:- এনএইচআরসিবি/ইন্টার:/১৫৬/১২- ৪৫০৯


তারিখ: ২২/০৮/২০১৭

বিজ্ঞপ্তি

মানবাধিকার সংস্কৃতির বিকাশের লক্ষ্যে জাতীয় মানবাধিকার কমিশন তিন মাসের জন্য কিছু সংখ্যক শিক্ষানবিশ কমিশনে সংযুক্ত করবেন। এ লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নলিখিত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

শর্তাবলি

- (i) আবেদনকারীকে স্নাতক সম্মান ডিগ্রিধারী হতে হবে। আইন, সমাজ বিজ্ঞান, ইংরেজী বিষয়ে ডিগ্রীধারীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।
- (ii) অফিস কার্য দিবসের ৫ দিন সকাল ৯.০০টা থেকে ৫.০০ ঘটিকা পর্যন্ত অফিসে উপস্থিত থাকতে হবে এবং যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- (iii) মাসিক ১০,০০০/- টাকা হারে সম্মানী/ভাতা দেওয়া হবে।
- (iv) আবেদনকারীদের সদ্য তোলা ২ কপি পাসপোর্ট আকারের ছবিসহ আবেদনপত্র এবং জীবন বৃত্তান্ত আগামী ২৯/০৮/২০১৭ তারিখের মধ্যে কমিশনের সচিব, জাতীয় মানবাধিকার কমিশন, বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫ বরাবর ডাকযোগে অথবা সরাসরি কমিশনে জমা প্রদান করতে হবে।
- (v) অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- (vi) নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- (vii) প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই/বাছাই করে একটি সংক্ষিপ্ত লিখিত পরীক্ষা ও একই দিনে আয়োজিত মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রার্থী নির্বাচন করা হবে।
- (viii) পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- (ix) পদ সংখ্যা বাড়ানো/কমানোর ক্ষমতা জাতীয় মানবাধিকার কমিশন সংরক্ষণ করে।
- (x) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতীত নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা রাখে। আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- (xi) আবেদন ফরম কমিশনের ওয়েব সাইট www.nhrc.org.bd হতে ডাউলোড করা যাবে।
- (xii) কোন কারণ দর্শানো ব্যতীত শিক্ষানবিশকাল সমাপ্ত করা যাবে।


(মোঃ ইসরাত হোসেন খান)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
জাতীয় মানবাধিকার কমিশন